

19th Meeting of the Working Mechanism for Consultation & Coordination on India-China Border Affairs

September 30, 2020

ভারত-চীন সীমান্ত সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয় সাধনের জন্য কার্যপ্রণালীর 19 তম বৈঠক।

সেপ্টেম্বর 30, 2020

1. ভারত-চীন সীমান্ত সংক্রান্ত বিষয়ে পরামর্শ এবং সমন্বয় সাধনের জন্য কার্যপ্রণালী (ডবলিউ এম সি সি)-র 19 তম বৈঠক সেপ্টেম্বর 30, 2020 তারিখে আয়োজিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রণা লয়ের যুগ্ম সচিব (পূর্ব এশিয়া), অন্যদিকে চীনা প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন চীনের বিদেশ মন্ত্রণালয়ের সীমা এবং সামুদ্রিক বিভাগের মহা নির্দেশক।
2. দুই পক্ষ ভারত-চীন সীমান্তে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা(এলএসি) বরাবর বর্তমান পরিস্থিতির পর্যালোচনা করেছেন এবং 20 শে অগস্ট 2020 তারিখে অনুষ্ঠিত ডবলিউএমসিসি-র শেষ বৈঠক থেকে পরিস্থিতির উন্নতি নিয়ে খোলাখুলি এবং বিস্তারিত আলোচনা করেছেন। এই মাসের প্রথমদিকে দুইজন প্রতিরক্ষা মন্ত্রী এবং দুইজন বিদেশমন্ত্রীর মধ্যে বৈঠকের গুরুত্বকে উভয় পক্ষ যুক্ত করেছেন। তারা এও উল্লেখ করেছেন যে, এলএসি বরাবর সকল বিরোধের জায়গা থেকে সৈন্য সমাবেশকে সরিয়ে আনাকে নিশ্চিত করার জন্য দুই বিদেশমন্ত্রীর মধ্যে সহমতকে কার্যে পরিণত করা উচিত।
3. এই উপলক্ষে, দুই পক্ষ 21 শে সেপ্টেম্বর বরিষ্ঠ কমান্ডারদের ষষ্ঠ বৈঠকের পরিণামকে সদর্শকভাবে মূল্যায়ন করেছেন। ভূখন্ডের স্থিতাবস্থা বজায় রাখতে এবং ভুল বোঝাবুঝিকে এড়াবার জন্য বরিষ্ঠ কমান্ডারদের শেষ বৈঠকের পরে যৌথ প্রেস বিবৃতিতে দেওয়া পদক্ষেপের রূপরেখাকে কার্যে পরিণত করার প্রয়োজনের উপরে ওনারা জোর দিয়েছেন। এই প্রসঙ্গে, যোগাযোগ ব্যবস্থাকে, বিশেষত স্থলবাহিনীর কমান্ডারদের মধ্যে, মজবুত করার উপরে উভয় পক্ষ জোর দিয়েছেন।
4. উভয়পক্ষ কূটনৈতিক এবং সামরিক স্তরে ঘনিষ্ঠ পরামর্শকে চালিয়ে যাবার জন্য সহমত হয়েছেন। এই উপলক্ষে, তারা শান্তি এবং সুস্থিরতাকে পুনরুদ্ধার করার জন্য এবং জারি থাকা দ্বিপাক্ষিক সহমত ও প্রোটকল অনুযায়ী যাতে উভয় পক্ষ সম্পূর্ণভাবে সৈন্য সমাবেশকে সরিয়ে নিয়ে যাবার কাজ করতে পারে তার জন্য অতিশীঘ্র কোন এক দিনক্ষণে বরিষ্ঠ কমান্ডারদের সপ্তম দফা বৈঠকের আয়োজন করা উচিত বলে সহমত হয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 30, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.